

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

উত্তম চর্চার (Best Practices) তালিকা

রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশকে একটি সুখী, সমৃদ্ধ সোনার বাংলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এই কৌশল বাস্তবায়নের নিমিত্তে সরকারের সকল প্রতিষ্ঠান শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রণয়ন করেছে। বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ঐকান্তিকভাবে বাস্তবায়ন করে যাচ্ছে।

বিআইসিএম এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা রয়েছে এবং নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার বিষয়ে আলোচনা করা হয় এবং কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক ধারণা প্রদান করা হয়। এছাড়াও কর্মচারীদের অফিস উপস্থিতি সহ ইন্সটিটিউটের সকল কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা হয়। নিচে শুদ্ধাচার প্রতিষ্ঠায় বিআইসিএম এরকিছু প্রচেষ্টা সম্পর্কে তথ্য তুলে ধরা হলোঃ

১. ইন্সটিটিউট কর্তৃক পরিচালিত শিক্ষা ও প্রশিক্ষণ প্রোগ্রামের কনটেন্ট নিয়মিত হালনাগাদ করা হয় এবং যুগপোযোগী রাখা হয়। ফলে শিক্ষার্থীরা সবসময় আপডেট থাকার সুযোগ পাচ্ছে।
২. ইন্সটিটিউটের রেজিস্ট্রার দপ্তর তাঁর অধীনস্থ কর্মকর্তাদের নিয়ে প্রত্যেক কর্মদিবসের শুরুতে সংক্ষিপ্ত সভা পরিচালনা করে। যা নির্দিষ্ট সময়ের মাঝে যথাযথভাবে কার্যাদি সম্পাদনে ভূমিকা রাখছে।
৩. বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে তাঁর সেবাসমূহ সহজীকরণ করেছে। একইসাথে নতুনত্ব নিয়ে আসছে। ২০১৮-১৯ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে ক্লাউড বেইজ ক্লাস লাইব্রেরি এবং টোল ফ্রি কল সেবা চালু করা হয়েছে।
৪. ইন্সটিটিউটের পরিসর ছোট থাকার প্রেক্ষিতে, দাপ্তরিক কার্যক্রম সহ সবক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রত্যক্ষ পরিদর্শন ও তত্ত্বাবধান বিদ্যমান রয়েছে।
৫. ইন্সটিটিউটে অভিযোগ ও পরামর্শ গ্রহণে অভিযোগ / পরামর্শ বাক্স রয়েছে। যেখানে সহজেই ইন্সটিটিউটের কর্মচারী, শিক্ষার্থী ও জনসাধারণ তাঁদের অভিযোগ বা পরামর্শ জানাতে পারেন।
৬. ইন্সটিটিউটের দাপ্তরিক যোগাযোগে ডিজিটাইজেশন এর অংশ হিসেবে আইপি টেলিফোন এবং মোবাইল কমিউনিকেশন অ্যাপস এর সমন্বয় করে মুঠোফোনে অফিস এক্সটেনশন এর কল রিসিভের সেবা চালু করা হয়েছে। যা দাপ্তরিক যোগাযোগকে সহজতর করেছে।
৭. ইন্সটিটিউটের ওয়াই-ফাই এর নিরাপত্তা নিশ্চিতকরণে ইউজারভিত্তিক রোমিং বেজড ওয়াইফাই চালু করা হয়েছে। এতে প্রত্যেক কর্মচারী ইউজার নেম ও পাসওয়ার্ড দিয়ে ওয়াইফাই লগইন করে ইন্টারনেট ব্যবহার করছে। এই সুবিধার কারণে অফিস এর নেটওয়ার্ক অনাকাঙ্ক্ষিত সাইবার অ্যাটাক থেকে সুরক্ষিত থাকেবে।

৮. ব্যক্তি ও কর্মজীবনে কর্মচারীদের শুদ্ধাচার প্রতিপালনে উৎসাহী করতে কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হয়। একইসাথে কর্মীদের মাঝে প্রেষণা তৈরিতে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হচ্ছে।

Nitceenath

২৯-৮-২০১৯ ১৪:১০:৪৮

নিতাই চন্দ্র দেবনাথ, এফসিএমএ

নির্বাহী প্রেসিডেন্ট (ভারপ্রাপ্ত), নির্বাহী প্রেসিডেন্ট এর দপ্তর
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)